

4 FEB 2003  
১১ ৬

## বাংলাদেশে উচ্চশিক্ষা সংকট ও সম্ভাবনা নিয়ে আলোচনা

রোববার গণউন্নয়ন গ্রন্থাগারের উদ্যোগে মাওলা ব্রাদার্স প্রকাশিত অধ্যাপক জিহুর রহমান সিদ্দিকী রচিত 'বাংলাদেশে উচ্চশিক্ষা : সংকট ও সম্ভাবনা' বইটির ওপর পাঠচক্র অনুষ্ঠিত হয়। সাধেক উপদেষ্টা কাজী ফজলুর রহমান এতে সভাপতিত্ব করেন। অতিথি আলোচক উপস্থিত ছিলেন অধ্যাপক সৈয়দ মনজুরুল ইসলাম এবং ড. সোনিয়া নিশাত আমিন ও গণউন্নয়ন গ্রন্থাগারের পরিচালক হারুন উর রশিদ। বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা, একে কেনে বিস্বাস্যমান সচট ও সম্ভাবনা নিয়ে অধ্যাপক সিদ্দিকীর লেখা ২৬টি প্রবন্ধের গ্রন্থিত রূপ এ বইটি।

গণউন্নয়ন গ্রন্থাগারের নিয়মিত পাঠক সদস্যদের মধ্য থেকে ১০ জন প্রতিযোগী বইটির ওপর আলোচনায় অংশ নেন।

ড. সোনিয়া নিশাত আমিন বলেন, লেখক শিক্ষা বিষয়ক বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করতে গিয়ে অত্যন্ত স্পষ্ট এবং স্পষ্টবাদী হতে পেরেছেন। তিনি শিক্ষা ব্যবস্থার নানা প্রহসনের বিষয়গুলো তুলে ধরতে কোন কুট্যবোধ করেননি।

সৈয়দ মনজুরুল ইসলাম বলেন, বইটিতে অধ্যাপক জিহুর রহমান সিদ্দিকীর শিক্ষা দর্শনের নিরিখে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার ওপর দেশের ও স্থানীয় রাজনীতির প্রভাব এবং রাজনীতির প্রভাবে আমাদের শিক্ষার পরিবেশ কিস্তাবে নষ্ট হচ্ছে তা বইটিতে চমৎকারভাবে তুলে ধরেছেন।

কাজী ফজলুর রহমান মনে করেন, বইটিতে তার মুক্তচিন্তা, উদারতাবের প্রতিফলন ঘটেছে। তিনি পুরিশীলিত ভাষায়, মনু গলায় অনেক কঠিন সত্য কথা বলেছেন। তার দীর্ঘ অভিজ্ঞতা, জ্ঞান মিলেই এ বই তাই শিক্ষার ওপর তৎক্ষণিক গ্রহণের চেয়ে এই গ্রন্থটি আমাদের চিন্তাজীবনকে পরিষ্কার করতে অনেক ক্ষত্রি।

অধ্যাপক জিহুর রহমান সিদ্দিকী মনে করেন, বর্তমান শিক্ষার ক্ষেত্রে ইতিবাচক ও নেতিবাচক দু'টি দিকই আছে। শিক্ষা ব্যবস্থাকে তখনই করে দেয়ার মতো দায়িত্বহীন কাজও কখনও কখনও হচ্ছে। আবার প্রত্যন্ত গ্রামে জাতি গঠনমূলক, মানব উন্নয়নমূলক কাজ করে যাচ্ছে কিছু নিরব কর্মী, এ ধরনের ইতিবাচক কাজের প্রশংসাও তিনি করেছেন। সংবাদ বিজ্ঞপ্তি।